৭৪

দৈনিক সংবাদ

তারিখ ... 10 MAR 1998 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ৪ ...

### ঢাকা বিশ্ববিদ্যালয়ে ক্যাডারদের রাজত্ব

# ডাস-এ ফাও খেয়ে দু'জনকে মারধর, নেতাকে বুকে রাইফেল ঠেকিয়ে হুমকি

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ক্যাডাররা তাদের সন্ত্রাসী রাজত্ব কায়েম করেছে। গতকাল সোমবার তারা ডাস থেকে খাবার ফাও খেয়েছে, বাধা দেয়া ডাসের দু'জন কর্মচারীকে বেধড়ক মারধর করেছে। ক্যাডারদের বিভিন্ন অপকর্মের বিরোধিতা করার দায়ে ছাত্রলীগের বঙ্গবন্ধু হল শাখা সভাপতি শেখ নওশের আলী হীরার বুকে রাইফেল ঠেকিয়ে প্রাণনাশের হুমকি দিয়েছে।

গতকাল বিকেল ৩টার দিকে ছাত্রলীগ নিয়ন্ত্রিত মুহসীন হলের ২ জন ক্যাডার ঢাকা ইউনিভার্সিটি স্ন্যাকস (ডাস) থেকে খাবার খায় এবং প্রতিদিনের মতো

বিশ্ববিদ্যালয় ঃ পৃঃ ১১ কঃ ৮

### বিশ্ববিদ্যালয় ঃ ক্যাডারদের রাজত্ব

( ১ম পৃষ্ঠার পর )

গতকালও খাবারের দাম না দিয়েই চলে যেতে থাকে। এ সময় ডাসের কর্মচারী জিয়াউল হক দাম চাইতে গেলে ক্যাডাররা ক্ষিপ্ত হয়ে তাকে মারধর করে। এক পর্যায়ে একটি কাঁচের গ্লাস ভেঙে জিয়াউলের পিঠে কোপ দেয়। ডাসের ম্যানেজার শরিফ এ ঘটনার প্রতিবাদ জানাতে গেলে ক্যাডাররা তাকেও বেধড়ক মারধর করে। এ ঘটনার পর রক্তাক্ত অবস্থায় জিয়াউলকে হাসপাতালে ভর্তি করা হয়।

দুপুর ১টার দিকে ছাত্রলীগের মুহসীন হলের ১০/১২ জন বঙ্গবন্ধু হল ছাত্রলীগের সভাপতি শেখ নওশের আলী হীরাকে রাইফেল ঠেকিয়ে হুমকি ও গালাগালি করেছে। কলাভবনের সামনে প্রকাশ্য দিবালোকে ক্যাডাররা কাটা রাইফেল বের করে হীরাকে প্রাণনাশের হুমকি দেয় এবং ক্যাম্পাস ছেড়ে চলে যেতে অথবা 'চুপ থাকতে' বলে।

ক্যাম্পাস সূত্রে জানা গেছে, ছাত্রলীগের মধ্যে যে কয়েকটি ক্যাডার গ্রুপ রয়েছে এদের সবার প্রতিপক্ষ এবং 'নন-ক্যাডার' হিসেবে পরিচিত একটি গ্রুপ রয়েছে। বিভিন্ন হল কমিটির সভাপতি এবং সাধারণ সম্পাদকদের সমন্বয়ের এ গ্রুপটির অন্যতম নেতা শেখ নওশের আলী হীরা। জানা গেছে, ক্যাডারদের সাম্প্রতিক কর্মকাণ্ডের বিরুদ্ধে অবস্থান নেয়ার জন্যই হীরাকে হুমকি দেয়া হয়েছে। কয়েকদিন আগে ক্যাডাররা মুহসীন হল ছাত্রলীগ সভাপতি রেজাউল করিম তরফদারকে লাঞ্ছিত করে।